দৈনিক সংবাদ

তারিখ 20 AUG 1988
পৃষ্ঠা 4 কলাম 3

138

চিঠিপত্র

(মতামতের জন্য সম্পাদক দায়ী নন)

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের আইন পরীক্ষা প্রসঙ্গে

সংবাদ পত্রিকার 'চিঠিপত্র' কলামে গত ২৪শে শ্রাবণ ১৩৯৫ সংখ্যায় যশোর মশিয়র রহমান আইন মহাবিদ্যালয়ের ভুক্তভোগী ছাত্র-ছাত্রীদের পক্ষে তিনজন ছাত্র যে বক্তব্য উপস্থাপন করেছেন আমরা বগুড়া আইন কলেজের ভুক্তভোগী ছাত্র-ছাত্রীগণ তার সাথে একমত পোষণ করি। আমরা ১৯৮৫-৮৬ সেশনে এল এল, বি প্রিভিয়াসে ভর্তি হয়ে '৮৭ সনের মার্চ মাসে ক্লাস শুরু করি। ৮৮-র ফেব্রুয়ারীতে আমাদের প্রিভিয়াস ও ফাইনাল ইয়ারের ছাত্রদের কোর্স শেষ হয়। বিশ্ববিদ্যালয় থেকে ১১ই সেপ্টেম্বর/৮৮তে ১৯ মাসের মাথায় যে পরীক্ষার তারিখ দেওয়া হয়েছে তাতে শুধু জানুয়ারী ব্যাচের (অকৃতকার্যদের) পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করায় আমরা দুশ্চিন্তাগ্রস্ত। তাই আমরা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে আবেদন জানাই ১১ই সেপ্টেম্বরের জানুয়ারী ব্যাচের পরীক্ষা পিছিয়ে নভেম্বরে নিয়ে ১৯৮২, ১৯৮৩ ও ১৯৮৫ সালের জানুয়ারী/জুলাই পরীক্ষার মত আমাদের জুলাই ব্যাচের প্রিভিয়াস ফাইনাল (৪ ব্যাচের) পরীক্ষাও একত্রে নেওয়া হোক।

বগুড়া আইন কলেজের জুলাই ব্যাচের ছাত্র-ছাত্রীদের পক্ষে ১। মোহাম্মদ ইউনুস, ২। মোঃ তোজাম্মেল হোসেন ৩। মোছাঃ মরিয়ম নেছা, ৪। ফৌজিয়া আখতার ৫। সুদর্শন কুমার সাহা।

চট্টগ্রামে ভাল বাস টার্মিনাল চাই

চট্টগ্রাম বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তর শহর। এই শহরে দেশের বিভিন্ন স্থান হইতে লোকজন বাসে করে আসা যাওয়া করে। কিন্তু চট্টগ্রাম শহরে ভাল কোন বাস টার্মিনাল নেই চট্টগ্রাম শহরের বিভিন্ন জায়গায় বর্তমান অপরিকল্পিতভাবে যে বাসটার্মি-